

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৬৭

পরিচ্ছেদঃ ৩০. দান বা উপহার এবং সন্তানদের মাঝে সমতা বজায় রাখা

باب مَا جَاءَ فِي النُّحْلِ وَالتَّسْوِيَةِ بَيْنَ الْوَلَدِ

আরবী

حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِيّ، وَسَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ الْمَعْنَى الْوَاحِدُ، قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ حُمَيْد بْنِ عَبْدِ الرَّحْمَنِ، وَعَنْ مُحَمَّد بْنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ، أَنَّ أَبَاهُ، نَحَلَ ابْنًا لَهُ غُلاَمًا فَأْتَى النَّبِيَّ صلى الله عليه يُحَدِّثَانِ عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ، أَنَّ أَبَاهُ، نَحَلَ ابْنًا لَهُ غُلاَمًا فَأْتَى النَّبِيَّ صلى الله عليه وسلم يُشْهِدُهُ فَقَالَ " أَكُلُّ وَلَدِكَ نَحَلْتَهُ مِثْلَ مَا نَحَلْتَ هَذَا " . قَالَ لاَ . قَالَ لاَ . قَالَ لاَ . قَالَ الله عليه قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثُ حَسَنٌ صَحِيحٌ وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ وَالْعَمْلُ عَلَى هَذَا عَنْدَ بَعْضَ أَهْلِ الْعِلْمِ يَسْتَحِبُّونَ التَّسْوِيَة بَيْنَ الْوَلَد حَتَّى قَالَ بَعْضَهُمُ . وَالْعَمْلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ يَسْتَحِبُّونَ التَّسْوِيَة بَيْنَ الْوَلَد حَتَّى قَالَ بَعْضُهُمُ . يُسَوِّي بَيْنَ وَلَدِهِ فِي النُّحْلِ وَالْعَطِيَّةِ يُسَوِّي بَيْنَ وَلَدِهِ فِي النُّجْلَةِ . وَقَالَ بَعْضَهُمُ يُسَوِّي بَيْنَ وَلَدِهِ فِي النُّحْلِ وَالْعَطِيَّةِ النَّكُرُ وَالْأَنْتَى سَوَاءٌ . وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ . وَقَالَ بَعْضُهُمُ التَسْوِيَةُ بَيْنَ الْوَلَد أَنْ الْوَلَد أَنْ الْوَلَد أَنْ الْوَلَد أَنْ الْوَلَد أَلْ الْعَطَى الذَّكَرُ مِثْلَ حَظِّ الْأُنْتَى سُواءً . وَهُو قُولُ سُفْيَانَ التَّوْرِيِّ . وَقَالَ بَعْضُهُمُ التَسْوِيَةُ بَيْنَ الْوَلَد أَنْ لَولَد أَلْ قِسْمَةِ الْمِيرَاثِ . وَهُو قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

১৩৬৭। নুমান ইবনু বাশীর (রাঃ) হতে বর্ণিত আছে, তার আব্বা তার এক ছেলেকে একটি গোলাম প্রদান করেন। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এর সাক্ষী করার উদ্দেশ্যে তার নিকট আসেন। তিনি বললেনঃ তুমি তোমার এই সন্তানকে যা দিয়েছ, তোমার অন্য সন্তানদেরকেও কি তা দিয়েছ? তিনি বললেন, না। তিনি (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এই দান ফিরিয়ে নাও।

সহীহ, ইবনু মা-জাহ (২৩৭৫, ২৩৭৬), নাসা-ঈ

এ হাদীসটিকে আবৃ ঈসা হাসান সহীহ বলেছেন। এ হাদীসটি আরো কয়েকটি সূত্রে নুমান ইবনু বাশীরের নিকট হতে বর্ণিত হয়েছে। এ হাদীস অনুযায়ী একদল বিশেষজ্ঞ আলিম আমল করেছেন। তারা সন্তানদের মধ্যে সমতা বজায় রাখাকে খুবই পছন্দনীয় বলেছেন। কেউ কেউ এ পর্যন্তও বলেছেন যে, তাদের মধ্যে চুম্বন দেওয়ার ক্ষেত্রেও সমতা বজায় রাখতে হবে।



আর একদল বিশেষজ্ঞ আলিম বলেছেন, সন্তানদের মধ্যে উপহার-উপটৌকন প্রদানের ক্ষেত্রে সমতা বজায় রাখতে হবে। এক্ষেত্রে ছেলে ও মেয়েদের মধ্যে ব্যবধান সৃষ্টি করা যাবে না। সুফিয়ান সাওরী এই মত দিয়েছেন। আহমাদ ও ইসহাক (রাহঃ) বলেছেন, মীরাস বন্টনের নীতি মোতাবেক উপহার-উপটৌকনের ক্ষেত্রেও ছেলে সন্তান মেয়ে সন্তানের দ্বিগুণ পাবে।

English

Narrated An-Nu'man bin Bashir:

That his father gave a slave to a son of his. So he went to the Prophet (ﷺ) to have him witness it. He (ﷺ) said: 'Have you given a gift similar to this one to all of your sons?' He replied: 'No'. So he said: 'Then take him back.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন